যুগান্তর

যুগান্তর

DEC. 22 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# পরীক্ষায় নকল : সিলেটে ৯৯৮ জনের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে

সিলেট ব্যুরো

সিলেট শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০০১ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে অভিযুক্ত ৯৯৮ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। বোর্ডের সংশ্লিষ্ট সূত্র এই তথ্য দিয়েছে। এর মধ্যে এসএসসি পরীক্ষায় অভিযুক্ত ৪৫৬ জন পরীক্ষার্থীর মধ্যে ৩০৮ জনকে ১ বছরের জন্য, ১৪৭ জনকে ২ বছরের জন্য এবং ১ জন গুরুতর অপরাধী পরীক্ষার্থীকে ৩ বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখা হবে। সূত্র মতে, এইচএসসি পরীক্ষায় অভিযুক্ত ৫৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৯৫ জনকে ১ বছরের জন্য, ১৪৫ জনকে ২ বছরের জন্য এবং গুরুতর অপরাধী ২ জনকে ৪ বছরের জন্য পরীক্ষায় অংশগ্রহণ থেকে বিরত রাখা হবে। সম্প্রতি অনুষ্ঠিত দুটি পৃথক বৈঠকে এ সিদ্ধান্ত